

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়  
ঈশ্বরদী, পাবনা

স্মারক নং : ৪১.০১.৭৬৩৯.০০০.১৮.০১০.১৯-২৫৩(৭)

তারিখ : ২৯ আগস্ট, ২০১৯খ্রিঃ

বিষয় : সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধাবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী কার্যক্রমে  
উপকারভোগীর তালিকা হালনাগাদকরণ প্রসঙ্গে ।  
সূত্রঃ ১। স্মারক নং ১৫৩ তারিখ-২১/০৮/১৯ খ্রিঃ  
২। স্মারক নং ৭১২ তারিখ-১৭/০৭/১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সংবিধান ১৫(গ) অনুচ্ছেদে বর্ণিত অঙ্গীকার বাস্তবায়নের নিমিত্ত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধাবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম প্রবর্তন করা হয়েছে। এ সমস্ত কর্মসূচির মাননীয় প্রধানমন্ত্রি শেখ হাসিনার বিশেষ উদ্যোগ সমূহের অন্যতম।

সমাজসেবা অধিদফতরের মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক সরকারের ভাবমূর্তি অক্ষুন্ন রেখে কর্মসূচির সফল বাস্তবায়ন এবং তথ্য কমিশনের নির্দেশনা মোতাবেক কর্মসূচির আওতায় ভাতাভোগীদের তালিকা ওয়েবপোর্টালে প্রকাশের নিমিত্ত তালিকা হালনাগাদকরণ অত্যন্ত জরুরি।

এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকের নির্দেশনা মোতাবেক বিদ্যমান ভাতাভোগীর তালিকা অনুযায়ী Person to person অনুসন্ধান করে


- ১। নীতিমালা বহির্ভূতভাবে তালিকায় অন্তর্ভুক্ত ব্যক্তির স্থলে
- ২। মৃত বা নিরুদ্দেশ কিংবা স্থানান্তরিত ব্যক্তির স্থলে
- ৩। স্বামী মৃত নয় বা স্বামীর মৃত্যুর পর পুনরায় বিবাহ হওয়া মহিলার স্থলে
- ৪। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন-২০১৩ অনুযায়ী প্রতিবন্ধী নয় এমন ব্যক্তির স্থলে

প্রতিস্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্মসূচির বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী উপযুক্ত ব্যক্তির নাম/তালিকা ভাতা বাস্তবায়ন সংক্রান্ত ইউনিয়ন কমিটির সুপারিশসহ রেজুলেশন প্রেরণ অথবা বিদ্যমান তালিকা সঠিক/নির্ভুল আছে মর্মে রেজুলেশন আগামী ১০/০৯/১৯খ্রিঃ মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

বিষয়টি অতিব জরুরি


চেয়ারম্যান (সকল)

..... ইউনিয়ন পরিষদ  
ঈশ্বরদী, পাবনা

  
(খোঃ মাসুদ রানা)

উপজেলা সমাজসেবা অফিসার

ঈশ্বরদী, পাবনা



২৯/০৮/১৯

সদয় জ্ঞাতার্থে

- ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদফতর, রাজশাহী
- ২। উপপরিচালক, সমাজসেবা অধিদফতর, পাবনা
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরদী, পাবনা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা।
- ৫। ..... উপজেলা পরিষদ, ঈশ্বরদী, পাবনা।
- ৬। জনাব ..... ঈশ্বরদী, পাবনা।
- ৭। দফতর কপি।